জীবন বীমা কর্পোরেশন
কর্মচারী প্রশাসন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান জীবন বীমা কর্পোরেশনে নিম্ন বর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিয়োগের ক্ষেত্রে আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হ'ল।

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | ০১-১১-২০১৭খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | ডেপুটি জেনারেল ম্যানেজার (অর্থ ও হিসাব) | টাঃ ৫৬,৫০০--৭৪,৪০০/- | ০১(এক)টি | অনূর্ধ্ব ৪০ বৎসর সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য। | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে চাটার্ড একাউনটেন্টসি (এ.সি.এ) পরীক্ষায় অথবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনটেন্টসি (এ.সি.এম.এ) পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | সিনিয়র প্রোগ্রামার | টাঃ ৪৩,০০০-- ৬৯,৮৫০/- | ০১(এক)টি | অনূর্ধ্ব ৪০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশল/কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী ;<br>(খ) প্রোগ্রামার হিসাবে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অথবা প্রকৌশল/কম্পিউটার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীসহ প্রোগ্রামার হিসাবে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা ; এবং<br>(গ) অনুমোদিত কম্পিউটার প্রফেশনাল সোসাইটির সহযোগী সদস্য/ফেলো। |
| ৩. | সহকারী সিস্টেম এনালিস্ট | টাঃ ৩৫,৫০০-- ৬৭,০১০/- | ০১(এক)টি | অনূর্ধ্ব ৩৫ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশল/কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী ;<br>(খ) সহকারী প্রোগ্রামার হিসাবে ৪(চার) বৎসরের অভিজ্ঞতা অথবা প্রকৌশল/কম্পিউটার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীসহ সহকারী প্রোগ্রামার হিসাবে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা ;<br>(গ) এ্যাপ্টিচ্যুট টেস্ট এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(ঘ) সিস্টেম এনালিস্ট হিসাবে উপযুক্ত দক্ষতা প্রমাণ; এবং (ঙ) অনুমোদিত কম্পিউটার প্রফেশনাল সোসাইটির সহযোগী সদস্য/ফেলো। |
| ৪. | সহকারী প্রোগ্রামার | টাঃ ২২,০০০-- ৫৩,০৬০/- | ০১(এক)টি | অনূর্ধ্ব ৩০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশল/কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী ; এবং<br>(খ) প্রোগ্রামিং-এর স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড (Aptitude) পরীক্ষার টেস্টে উত্তীর্ণ। |
| ৫. | সহকারী ম্যানেজার-(প্রকৌশলী) | টাঃ ২২,০০০-- ৫৩,০৬০/- | ০১(এক)টি | অনূর্ধ্ব ৩০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল (সিভিল)- এ স্নাতক ডিগ্রী বা সমমানের ডিগ্রি। |
| ৬. | জুনিয়র অফিসার | টাঃ ১৬,০০০-- ৩৮,৬৪০/- | ১০৮ (একশত আট)টি | অনূর্ধ্ব ৩০ (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীতে স্নাতকোত্তর পাস |
| ৭. | ড্যাটা এন্ট্রি সুপারভাইজার/ কন্ট্রোল সুপারভাইজার | টাঃ ১৬,০০০-- ৩৮,৬৪০/- | ০৩(তিন)টি | অনূর্ধ্ব ৩৫ | (ক) এইচ.এস.সি পাসসহ ড্যাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮. | সিনিয়র ড্যাটা এন্ট্রি অপারেটর/ সিনিয়র কন্ট্রোল অপারেটর | টাঃ ১২,৫০০-- ৩০,২৩০/- | ০৩(তিন)টি | অনূর্ধ্ব ৩০ | (ক) এইচ.এস.সি পাসসহ ড্যাটা এন্টি অপারেটর/কন্ট্রোল অপারেটর হিসাবে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা ; এবং<br>(খ) প্রতি ঘন্টায় ১০,০০০ কী ডিপ্রেশন মানের ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯. | ড্যাটা এন্ট্রি অপারেটর/ কন্ট্রোল অপারেটর | টাঃ ১০,২০০-- ২৪,৬৮০/- | ০৮(আট)টি | অনূর্ধ্ব ৩০ | (ক) এইচ.এস.সি পাস, বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) ড্যাটা এন্ট্রি অপারেটরদের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুট টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | মটর মেকানিক | টাঃ ৯,৩০০-- ২২,৪৯০/- | ০১(এক)টি | অনূর্ধ্ব ৩০ | এসএসসি পাশ। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্স পাশ। |

<u>আবেদনকারীদের জন্য শর্তাবলী:</u>

১. আগ্রহী প্রার্থীগণ'কে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট (http://jbc.teletalk.com.bd)-এ online application form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পূরণ করতে হবে।

২. **বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় এবং যে ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩০ বছর সে ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধি ও মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বোর্চ্চ বয়সসীমা ৩২ বছর ।**

৩. চার বছর মেয়াদী অনার্স ডিগ্রী, অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য হিসেবে গণ্য হবে।

৪. <u>আবেদনের সময়সীমা:</u>
১) online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ **০১-১১-২০১৭ খ্রিঃ, সকাল: ১০.০ ঘটিকায়।**
২) online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শেষ তারিখ **৩০-১১-২০১৭ খ্রিঃ, সন্ধ্যা: ০৬.০০ ঘটিকায়।**

৫. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ **(ক) ডেপুটি জেনারেল ম্যানেজার, সিনিয়র প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী প্রোগ্রামার এবং সহকারী ম্যানেজার- প্রকৌশলী (সিভিল) পদের ক্ষেত্রে টাঃ ৫০০/-; (খ) জুনিয়র অফিসার ও ড্যাটা এন্ট্রি সুপারভাইজার/ কন্ট্রোল সুপারভাইজার পদের ক্ষেত্রে টাঃ ৪০০/-; এবং (গ) সিনিয়র ড্যাটা এন্ট্রি অপারেটর/ সিনিয়র কন্ট্রোল অপারেটর ও ড্যাটা এন্ট্রি অপারেটর/ কন্ট্রোল অপারেটর এবং মটর মেকানিক পদের ক্ষেত্রে টাঃ ৩০০/- টাকা জমা দিতে হবে।**

৬. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy- তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি (৫ নং শর্তানুসারে) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
প্রথম: SMS: JBC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে
দ্বিতীয়: SMS : JBC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

৭. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://jbc.teletalk.com.bd)-এ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

৮. online আবেদনপত্র প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৯. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন। User ID জানা থাকলে JBC<space>Help<space>User<space>User ID & Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: JBC Help User ABCDEF & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
PIN Number জানা থাকলে JBC<space>Help<space>PIN<>PIN No & Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: JBC Help PIN 12345678 & Send করতে হবে ১৬২২২ নম্বরে।

মোঃ আবদুল আজিজ
(যুগ্ম-সচিব)
জেনারেল ম্যানেজার প্রশাসন
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

১১. JBC নিয়োগ পরীক্ষা-২০১৭-এর বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://jbc.teletalk.com.bd ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট http://www.jbc.gov.bd-এ পাওয়া যাবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। পরবর্তীতে লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ- এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন ও অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্র online-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) সহ প্রশাসন বিভাগ, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষ তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৩. চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে কাগজ-পত্রদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তা প্রেরণ করতে হবে।

অন্যান্য শর্তাবলী:

নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক এ বিষয়ে জারিকৃত সকল নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য কর্পোরেশন কোন প্রকার খরচ বহন করবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**আবেদনের শেষ তারিখ: ৩০-১১-২০১৭।**

মোঃ আবদুল আজিজ
জেনারেল ম্যানেজার- প্রশাসন।

মোঃ আবদুল আজিজ
(যুগ্ম-সচিব)
জেনারেল ম্যানেজার-প্রশাসন
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।